

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০৩০.০০.০০.০০১.২০১১-২৭৫

তারিখ : ২৫ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ।
০৮ মার্চ, ২০১৫ খ্রিঃ।


বিষয় : মাগুরা জেলার ০৬ নং মহম্মদপুর ইউনিয়ন পরিষদ ও ফরিদপুর জেলার ০৬ নং পাচুড়িয়া ইউনিয়ন পরিষদের নির্বাচনের তপশীল ঘোষণা না করার জন্য আবেদন।

সূত্র : জনাব আঃ কাদের গং, রামপাশা, মহম্মদপুর, মাগুরা এর আবেদন, তারিখ : ০৩/০২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে, মাগুরা জেলার ০৬ নং মহম্মদপুর ইউনিয়ন পরিষদ ও ফরিদপুর জেলার ০৬ নং পাচুড়িয়া ইউনিয়ন পরিষদের সীমানা সংক্রান্ত বিষয়ে রীট পিটিশন নং-১৮২৫/২০১৫ এর ০৫.০৪.২০১৫ এবং ২৫/০১/২০১৬ তারিখের আদেশ এ সংগে প্রেরণ করা হলো। রিট পিটিশনের ০৫.০৪.২০১৫ তারিখের আদেশে ১১.০৯.২০১৫ তারিখে প্রকাশিত গেজেট যার মাধ্যমে মাগুরা জেলার মহম্মদপুর উপজেলার মহম্মদপুর ইউনিয়ন পুনর্গঠন সংক্রান্ত আদেশের বিষয়ে কারণ দর্শানো হয়েছে এবং উক্ত রিট পিটিশনের ২৫.০১.২০১৬ তারিখের আবেদনটি ০১(এক) মাসের মধ্যে বিবেচনা ও নিষ্পত্তির জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর বিধান এবং রীট পিটিশন নং-১৮২৫/২০১৫ এর ০৫.০৪.২০১৫ এবং ২৫/০১/২০১৬ তারিখের আদেশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


(শরীফ আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫১৪১৯০
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
মাগুরা।

অনুলিপিঃ

০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।